

অরি গামি

মানে শুধু  
কাগজের ভাঁজভাঁজ খেলা  
ফুটে ওঠে হাতি, নৌকা,  
সিংহ, বাঘ হরিণের মুখ  
রূপ দক্ষহাতের কৌশলে।

খেলা শুধু  
নেই কোন অর্থকরী যোগ  
তবুও সয়েছে যারা  
জীবনের অশেষ দুর্ভোগ  
তারাই কাগজ হাতে পেলে  
সব কিছু ফেলে দিয়ে  
অর্থহীন খেলে

জীবনকে না চিনেই তাই শুধু  
তুই আর আমি  
কাগজের ভাঁজ কেটে  
কদিন করেছি অরি গামি।

জ্যোতিষ গোবিন্দ জানা

